



১. ভর্তি পরীক্ষা

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (শাবিপ্রবি), সিলেট এর ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ প্রথম সেমিস্টার স্নাতক (সম্মান/ইঞ্জি:) ভর্তি পরীক্ষা ১৩-১৪ জানুয়ারি, ২০২৬ মঙ্গলবার ও বুধবার বিকাল বেলায় অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষা দুই ইউনিটে অনুষ্ঠিত হবে: A ইউনিট ও B ইউনিট। যে সকল শিক্ষার্থী বিজ্ঞান শাখা থেকে এইচ.এস.সি বা সমমান পরীক্ষা পাশ করেছে তারা নির্ধারিত যোগ্যতা পূরণ সাপেক্ষে A ও B উভয় ইউনিটে আবেদন করতে পারবে। মানবিক ও বাণিজ্য শাখা থেকে এইচ.এস.সি বা সমমান পরীক্ষা পাশ করা শিক্ষার্থীরা নির্ধারিত যোগ্যতা পূরণ সাপেক্ষে শুধু B ইউনিটে আবেদন করতে পারবে।

২. ভর্তি পরীক্ষায় আবেদনের যোগ্যতা

- ২.১ ২০২৪ অথবা ২০২৫ সালে অনুষ্ঠিত এইচ.এস.সি (সাধারণ ও কারিগরি)/আলিম/ডিপ্লোমা-ইন-কমার্স/সমমান এবং ২০২২ অথবা ২০২৩ সালে অনুষ্ঠিত এস.এস.সি (সাধারণ ও কারিগরি)/দাখিল বা সমমান পরীক্ষাতে উত্তীর্ণ শিক্ষার্থীরা ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। A ইউনিটে আবেদন করার জন্য বিজ্ঞান বিভাগ থেকে এইচ.এস.সি/সমমান ও এস.এস.সি/সমমান উভয় পরীক্ষায় ন্যূনতম GPA ৩.০ সহ মোট ৬.৫ থাকতে হবে এবং এইচ.এস.সি/সমমান পরীক্ষায় গণিতে ন্যূনতম GPA ৩.০ (A লেভেলের ক্ষেত্রে ন্যূনতম C গ্রেড) থাকতে হবে। B ইউনিটে আবেদন করার জন্য বিজ্ঞান, মানবিক ও বাণিজ্য বিভাগ থেকে এইচ.এস.সি/সমমান ও এস.এস.সি/সমমান উভয় পরীক্ষায় ন্যূনতম GPA ৩.০ সহ মোট ৬.০ থাকতে হবে।
- ২.২ GCE এর ক্ষেত্রে IGCSE (O লেভেল) এ কমপক্ষে ২টি বিষয়ে B গ্রেডসহ ৫টি বিষয়ে পাশ এবং IAL (A লেভেল) এ কমপক্ষে ১টি বিষয়ে B গ্রেডসহ ৩টি বিষয়ে পাশ থাকতে হবে। ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের ২০২০ অথবা ২০২১ সালে অনুষ্ঠিত এস.এস.সি বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। এ ক্ষেত্রে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের গ্রেডশিট/ সনদপত্র এবং GCE এর ক্ষেত্রে O লেভেল/ সমমান ও A লেভেল/ সমমান পরীক্ষায় উত্তীর্ণ গ্রেডশিট/ সনদপত্র SSC এবং HSC পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের সাথে Equivalency নির্ধারণের জন্য equivalence-application@sust.edu ইমেইলে সংযুক্তিসহ ১০ ডিসেম্বরের, ২০২৫ এর মধ্যে প্রেরণ করতে হবে। কাগজপত্রসমূহ মূল্যায়নের পর তাদের শিক্ষাগত যোগ্যতা ভর্তি যোগ্যতার মানদণ্ডে উপযুক্ত কিনা তা ১৫ ডিসেম্বরের মধ্যে জানানো হবে; আবেদনে ইচ্ছুক শিক্ষার্থীদেরকে ২০ ডিসেম্বর, ২০২৫ এর মধ্যে অনলাইন পোর্টালে আবেদনপত্র পূরণ এবং প্রয়োজনীয় ফি পরিশোধ করে আবেদন সম্পন্ন করতে হবে। যোগ্যতা অর্জনকারী শিক্ষার্থীদের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং ভর্তি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে মেধা তালিকা অনুসারে শিক্ষার্থীরা ভর্তির জন্য বিবেচিত হবে।
- ২.৩ বিদেশে অধ্যয়ন করা দেশী নাগরিকদের প্রয়োজনীয় কাগজপত্র (পাসপোর্ট সাইজের রঙিন ছবি, পাসপোর্ট/নাগরিকত্ব সনদপত্র, 10th Grade/ O লেভেল/ SSC/ সমমান ও 12th Grade/ A লেভেল/ HSC/ সমমান পাশের সনদপত্র ও নম্বরপত্র মূল্যায়নের জন্য ১০ ডিসেম্বর, ২০২৫ এর মধ্যে foreign-application@sust.edu ইমেইলে সংযুক্তি সহ পাঠাতে হবে। কাগজপত্রসমূহ মূল্যায়নের পর তাদের শিক্ষাগত যোগ্যতা ভর্তি যোগ্যতার মানদণ্ডে উপযুক্ত কিনা তা ১৫ ডিসেম্বরের মধ্যে জানানো হবে; আবেদনে ইচ্ছুক শিক্ষার্থীদেরকে ২০ ডিসেম্বর, ২০২৫ এর মধ্যে অনলাইন আবেদন পোর্টালে আবেদনপত্র পূরণ করে প্রয়োজনীয় ফি পরিশোধ করে আবেদন সম্পন্ন করতে হবে। যোগ্যতা অর্জনকারী বিদেশে অধ্যয়ন করা দেশী শিক্ষার্থীদের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং ভর্তি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে মেধা তালিকা অনুসারে ভর্তির জন্য বিবেচিত হবে। ভর্তির সময় সকল সনদপত্র ও নম্বরপত্রের মূল কপি দাখিল করতে হবে।
- ২.৪ বিদেশী নাগরিকদের (বিদেশী পাসপোর্টধারী) ভর্তির আবেদনের জন্য 12th Grade বা IAL (A লেভেল) বা HSC/ সমমান পরীক্ষায় পাশ হতে হবে। এ ক্ষেত্রে বিদেশী নাগরিকদের প্রয়োজনীয় কাগজপত্র (পাসপোর্ট সাইজের রঙিন ছবি, পাসপোর্ট/নাগরিকত্ব সনদপত্র, 10th Grade/ O লেভেল/ SSC/ সমমান ও 12th Grade/ A লেভেল/ HSC/ সমমান পাশের সনদপত্র ও গ্রেডশীট এবং ভর্তি হতে ইচ্ছুক এরকম বিভাগসমূহের ক্রম তালিকা) মূল্যায়নের জন্য ১০ জানুয়ারি, ২০২৬ এর মধ্যে foreign-application@sust.edu ইমেইলে সংযুক্তি সহ পাঠাতে হবে। কাগজপত্রসমূহ মূল্যায়নের পর তাদের শিক্ষাগত যোগ্যতা ভর্তি যোগ্যতার মানদণ্ডে উপযুক্ত কিনা তা জানানো হবে। আবেদনকৃত শিক্ষার্থীদের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ ব্যতীত শুধুমাত্র গ্রেডশীট এবং Medium of Instruction (English)/ IELTS/ TOEFL এর উপর ভিত্তি করে মেধাক্রম অনুসারে শিক্ষার্থী ভর্তি করা হবে। ভর্তির জন্য মনোনীত বিদেশি আবেদনকারীদেরকে অবস্থানরত দেশে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কনসুলেট/হাইকমিশনের মাধ্যমে শিক্ষা মন্ত্রণালয় এবং পররাষ্ট্র মন্ত্রণালয়ের অনুমতিপত্র গ্রহণ করতে হবে। ভর্তির সময় সকল সনদপত্র ও নম্বরপত্রের মূল কপি দাখিল করতে হবে। সনদপত্র ও নম্বরপত্রসমূহ সংশ্লিষ্ট দেশের শিক্ষা মন্ত্রণালয় এবং পররাষ্ট্র মন্ত্রণালয় দ্বারা সত্যায়িত করা থাকতে হবে।
- ২.৫ আন্তর্জাতিক গণিত অলিম্পিয়াড, আন্তর্জাতিক ইনফরমেটিক্স অলিম্পিয়াড, আন্তর্জাতিক পদার্থবিজ্ঞান অলিম্পিয়াড এবং অন্যান্য স্বীকৃত আন্তর্জাতিক অলিম্পিয়াডে স্বর্ণ, রৌপ্য অথবা ব্রোঞ্জ মেডেল প্রাপ্ত শিক্ষার্থীরা ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ ব্যতীত আবেদন করতে পারবে; সংশ্লিষ্ট আন্তর্জাতিক অলিম্পিয়াডটি মাধ্যমিক বা উচ্চ মাধ্যমিক পর্যায়ের হতে হবে। অনলাইন অলিম্পিয়াড গ্রহণযোগ্য নয়। আন্তর্জাতিক অলিম্পিয়াডে পদকপ্রাপ্ত শিক্ষার্থীদের প্রয়োজনীয় কাগজপত্র (পাসপোর্ট সাইজের রঙিন ছবি, এস.এস.সি/সমমান এবং এইচ.এস.সি/সমমান পাশের সনদপত্র, অলিম্পিয়াডে পদক প্রাপ্তির সনদপত্র) মূল্যায়নের জন্য ৩১ জানুয়ারি, ২০২৬ এর মধ্যে Olympiad-application@sust.edu ইমেইলে সংযুক্তি সহ পাঠাতে হবে। কাগজপত্রসমূহ মূল্যায়নের পর তাদের শিক্ষাগত যোগ্যতা ভর্তি-যোগ্যতার মানদণ্ডে উপযুক্ত কিনা তা জানানো হবে। আবেদনকৃত শিক্ষার্থীদের মধ্য থেকে মেধার ভিত্তিতে শিক্ষার্থী ভর্তি করা হবে। তবে বিভাগ নির্ধারণের ক্ষেত্রে ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৩. ভর্তি পরীক্ষার আবেদনের সময়সীমা

ভর্তি পরীক্ষার আবেদন ৮ ডিসেম্বর ২০২৫ থেকে ২০ ডিসেম্বর ২০২৫ পর্যন্ত শুধুমাত্র <https://admission.sust.edu.bd> সাইটের মাধ্যমে করা যাবে।

৪. ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার স্থান ও সময়

ভর্তি পরীক্ষা শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (শাবিপ্রবি), সিলেট এবং সিলেট শহরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হবে। এছাড়া ঢাকার নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ঢাকার কেন্দ্রগুলোতে ভর্তি পরীক্ষা দিতে ইচ্ছুক আবেদনকারী দ্বারা আসন সংখ্যা পূরণ হয়ে গেলে ঢাকায় কেন্দ্র পছন্দ করার সুযোগ আর থাকবে না। তবে সিলেট শহরের কেন্দ্রগুলোর আসন সংখ্যা উন্মুক্ত থাকবে। উল্লেখ্য, আর্কিটেকচার (ARC) বিভাগে ভর্তি ইচ্ছুক A ইউনিট এর পরীক্ষার্থীদের ভর্তি পরীক্ষা শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (শাবিপ্রবি), সিলেট কেন্দ্রে অনুষ্ঠিত হবে।



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট
ভর্তি নির্দেশিকা
প্রথম বর্ষ প্রথম সেমিস্টার স্নাতক (সম্মান/ইঞ্জি:) শিক্ষাবর্ষ: ২০২৫-২০২৬
<https://admission.sust.edu.bd>

ভর্তি পরীক্ষার তারিখ ও সময়

তারিখ	বার	ইউনিট	সময়
১৩ জানুয়ারি ২০২৬	মঙ্গলবার	A ইউনিট (বিজ্ঞান)	বিকাল ৩:০০ – ৪:৩০ মিঃ
১৪ জানুয়ারি ২০২৬	বুধবার	B ইউনিট (বিজ্ঞান+মানবিক+বাণিজ্য)	বিকাল ৩:০০ – ৪:৩০ মিঃ

উভয় ইউনিটের পরীক্ষার্থীদেরকে দুপুর ২:৩০ টার মধ্যে নির্দিষ্ট পরীক্ষা কেন্দ্রের নির্ধারিত কক্ষে আসন গ্রহণ করতে হবে।

৫. ইউনিটভুক্ত বিভাগসমূহ এবং আসন সংখ্যা

৫.১ A ইউনিটে আবেদনকারীদের জন্য নির্ধারিত বিভাগসমূহ এবং আসন সংখ্যা (বিজ্ঞান):

Group	বিভাগ	আসন সংখ্যা
Group 1 (A1)	পদার্থবিজ্ঞান (PHY)	৬৫
	রসায়ন (CHE)	৬৫
	গণিত (MAT)	৮০
	পরিসংখ্যান (STA)	৮০
	কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (CSE)	১০০
	কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং এন্ড পলিমার সায়েন্স (CEP)	৫০
	ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রডাকশন ইঞ্জিনিয়ারিং (IPE)	৫০
	সিভিল এন্ড এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ারিং (CEE)	৫০
	ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (EEE)	৫০
	ফুড ইঞ্জিনিয়ারিং এন্ড টি টেকনোলজি (FET)	৪০
	পেট্রোলিয়াম এন্ড মাইনিং ইঞ্জিনিয়ারিং (PME)	৩৫
	ভূগোল ও পরিবেশ (GEE)	৫০
	মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (MEE)	৩৫
	সমুদ্রবিজ্ঞান (OCG)	৩০
	সঙ্কটায়ার ইঞ্জিনিয়ারিং (SWE)	৫০
	জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি (GEB)	৩৫
	বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি (BMB)	৩৫
	ফরেস্ট্রি এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্স (FES)	৫৫
Group 2 (A2)	Group 1 (A1) এর সকল বিভাগ	৯৫৫
	আর্কিটেকচার (ARC)	৩০
	মোট আসন সংখ্যা =	৯৮৫

৫.২ B ইউনিটভুক্ত বিভাগসমূহ এবং আসন সংখ্যা (বিজ্ঞান + মানবিক + বাণিজ্য)

বিভাগ	আসন সংখ্যা
অর্থনীতি (ECO)	৪০ + ২০ + ৬ = ৬৬
সমাজবিজ্ঞান (SOC)	৩০ + ৩০ + ৬ = ৬৬
পলিটিক্যাল স্টাডিজ (PSS)	২০ + ৪০ + ৬ = ৬৬
লোক প্রশাসন (PAD)	২০ + ৪০ + ৬ = ৬৬
নৃ বিজ্ঞান (ANP)	২৫ + ৩৫ + ৬ = ৬৬
সমাজকর্ম (SCW)	২৫ + ৩৫ + ৬ = ৬৬
ব্যবসায় প্রশাসন (BUS)	৩০ + ১০ + ৩৫ = ৭৫
ইংরেজি (ENG)	২০ + ২৫ + ৫ = ৫০
বাংলা (BNG)	৫ + ৪৯ + ৬ = ৬০
মোট আসন সংখ্যা =	৫৮১

সর্বমোট আসন: ৯৮৫ + ৫৮১ = ১,৫৬৬

৫.৩ উপরে উল্লিখিত আসনের অতিরিক্ত ৭৭ টি আসন Societies' Merit Allocation (SMA) এর জন্য সংরক্ষিত থাকবে। যার মধ্যে Ethnic Merit Allocation (EMA) (২৮ জন), Disability Merit Allocation (DMA) (১৪ জন), Tea Labour Merit Allocation (TMA) (০৫ জন), SUST Community Merit Allocation (SCMA) (২০ জন), Sports Merit Allocation (SPMA) (১০ জন)।



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

ভর্তি নির্দেশিকা

প্রথম বর্ষ প্রথম সেমিস্টার স্নাতক (সম্মান/ইঞ্জি:) শিক্ষাবর্ষ: ২০২৫-২০২৬

<https://admission.sust.edu.bd>

৬. এইচ.এস.সি বা সমমান পরীক্ষা পর্যায়ে বিষয়গত যোগ্যতা

একটি নির্দিষ্ট বিভাগে ভর্তি হওয়ার জন্যে সংশ্লিষ্ট বিষয়ে এইচ.এস.সি বা সমমানের পরীক্ষায় ন্যূনতম GPA ৩.০ কিংবা A লেভেলে ন্যূনতম B গ্রেড থাকতে হবে।

বিভাগ	সংশ্লিষ্ট বিষয় (HSC বা সমমান)
PHY, CSE, IPE, ARC, EEE, MEE, SWE	পদার্থবিজ্ঞান, গণিত
CEE, CEP, CHE, GEE, OCG, PME	পদার্থবিজ্ঞান, রসায়ন, গণিত
GEB, BMB, FET	জীববিজ্ঞান, রসায়ন, গণিত
MAT, STA	গণিত
FES	জীববিজ্ঞান, গণিত
SOC, SCW, PSS, PAD, ANP	সমাজবিজ্ঞান বা পৌরনীতি বা যুক্তিবিদ্যা বা অর্থনীতি বা ইসলামী অর্থনীতি বা সমাজকল্যাণ বা বাণিজ্যিক ভূগোল বা ইংরেজি অথবা বাণিজ্য বা বিজ্ঞান শাখার যে কোন বিষয়
ECO	অর্থনীতি বা ইসলামী অর্থনীতি বা গণিত বা পরিসংখ্যান বা অর্থনীতি ও বাণিজ্যিক ভূগোল বা ইংরেজি
BUS	অর্থনীতি বা ইসলামী অর্থনীতি বা গণিত বা পরিসংখ্যান বা ইংরেজি অথবা বিজ্ঞান বা বাণিজ্য শাখার যে কোন বিষয়
ENG	ইংরেজি (A লেভেল শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য নয়)
BNG	বাংলা

৭. ভর্তি পরীক্ষা পদ্ধতি

- ৭.১ ভর্তি পরীক্ষা সম্পূর্ণভাবে বহু নির্বাচনী প্রশ্ন (MCQ) পদ্ধতিতে অনুষ্ঠিত হবে। কালো কালির বল পয়েন্ট কলম দিয়ে OMR ফর্ম এ উত্তর করতে হবে। পরীক্ষার হলে নির্দিষ্ট মডেলের ক্যালকুলেটর ব্যতীত মোবাইল ফোন এবং হাতঘড়িসহ যাবতীয় ইলেক্ট্রনিক ডিভাইস সাথে রাখা সম্পূর্ণ নিষিদ্ধ। ক্যালকুলেটরের মডেল সংক্রান্ত তথ্য <https://admission.sust.edu.bd/calculatormodels.pdf> পেইজে পাওয়া যাবে।
- ৭.২ ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র বাংলায় প্রণয়ন করা হবে। তবে কোনো পরীক্ষার্থী যদি ইংরেজিতে প্রশ্নপত্র পেতে চায় তবে তাকে আবেদন পত্রের নির্দিষ্ট স্থানে তা উল্লেখ করতে হবে, যা অনলাইনে ভর্তি পরীক্ষার আবেদনপত্র পূরণ করার সময় আবেদনকারীর নিকট দৃশ্যমান হবে।
- ৭.৩ ভর্তি পরীক্ষার বিষয়, প্রশ্ন সংখ্যা, মোট নম্বর, সময়কাল এবং পরীক্ষার ফি (বন্ধনীর সংখ্যাগুলো মোট প্রশ্ন সংখ্যা এবং উক্ত মোট প্রশ্ন সংখ্যার জন্য মোট নম্বর হিসেবে পরিগণিত হবে)

ইউনিট	প্রযোজ্য বিভাগসমূহ	মোট নম্বর, প্রশ্ন সংখ্যা এবং ভর্তি পরীক্ষার বিষয়	পরীক্ষার সময়কাল	পরীক্ষার ফি (টাকা)
A	Group-1 (A1) ও Group-2 (A2) এর সকল বিভাগের জন্য আবশ্যিকীয় মূল পরীক্ষা	মোট নম্বর: ৮০, প্রশ্ন সংখ্যা: ৮০ আবশ্যিক: পদার্থবিজ্ঞান (২০), রসায়ন (২০), গণিত (২০) ঐচ্ছিক (যেকোন একটি): জীববিজ্ঞান (২০)/ ইংরেজি (২০)	১ ঘণ্টা ৩০ মিনিট	১২৫০/-
	Group-2 (A2)	মূল পরীক্ষা শেষে পরীক্ষার্থীরা অতিরিক্ত ড্রয়িং ও স্থাপত্য বিষয়ক সাধারণ জ্ঞান বিষয়ে ৩০ নম্বরের পরীক্ষায় অংশগ্রহণ করবে	১ ঘণ্টা	১৪০০/-
B	B ইউনিট- এর সকল বিভাগ	বিজ্ঞান বিভাগ থেকে HSC পাশকৃত পরীক্ষার্থীদের জন্য: মোট নম্বর: ৮০, প্রশ্ন সংখ্যা: ৮০ ইংরেজি (১৫), বাংলা (১০), পদার্থবিজ্ঞান (১৫), রসায়ন (১৫), বাংলাদেশ ও আন্তর্জাতিক প্রসঙ্গ (১০), এবং গণিত/ জীববিজ্ঞান (১৫) মানবিক ও বাণিজ্য বিভাগ থেকে HSC পাশকৃত পরীক্ষার্থীদের জন্য: মোট নম্বর: ৮০, প্রশ্ন সংখ্যা: ৮০ আবশ্যিকীয় বিষয় (৬৫ নম্বর): ইংরেজি (১৫), বাংলা (১৫), মাধ্যমিক পর্যায়ের সাধারণ গণিত (১৫), বাংলাদেশ ও আন্তর্জাতিক প্রসঙ্গ (১০), আইসিটি (১০) অবশিষ্ট ১৫ নম্বরের জন্য এইচ.এস.সি মানবিক বিভাগের পরীক্ষার্থীদের মানবিক শাখার এবং বাণিজ্য বিভাগের পরীক্ষার্থীদের বাণিজ্য শাখার উত্তর প্রদান করতে হবে। মানবিক শাখা: অর্থনীতি, পৌরনীতি, সমাজবিজ্ঞান ও সমাজ কল্যাণ, ইতিহাস সম্পর্কিত প্রশ্নাবলি (১৫)। বাণিজ্য শাখা: হিসাববিজ্ঞান এবং ব্যবসায় নীতি ও ব্যবস্থাপনা সম্পর্কিত প্রশ্নাবলি (১৫)।	১ ঘণ্টা ৩০ মিনিট	১২০০/-



৭.৪ আকির্কেচার বিভাগে ভর্তিছু প্রার্থীকে ডয়িং ও স্থাপত্য বিষয়ক সাধারণ জ্ঞানের পরীক্ষায় ন্যূনতম ৪০% নম্বর পেতে হবে।

৭.৫ GEB এবং BMB বিভাগে ভর্তির জন্য ভর্তি পরীক্ষায় জীববিজ্ঞান বিষয়ে অংশগ্রহণ বাধ্যতামূলক।

৮. ভর্তি পরীক্ষার আবেদন প্রক্রিয়া ও তথ্য প্রাপ্তি

- ৮.১ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (শাবিপ্রবি) স্নাতক ১ম বর্ষ ১ম সেমিস্টার (সম্মান/ইঞ্জি:) ভর্তি পরীক্ষা ২০২৫-২০২৬ সংক্রান্ত বিস্তারিত তথ্য এবং পূর্ণাঙ্গ ম্যানুয়াল <https://admission.sust.edu.bd/applicationprocedure.pdf> পেইজে পাওয়া যাবে। আবেদনে ইচ্ছুক শিক্ষার্থীরা শুধুমাত্র অনলাইনে <https://admission.sust.edu.bd> সাইটের মাধ্যমে রেজিস্ট্রেশনের আবেদন, ছবি আপলোড, প্রয়োজনীয় তথ্যাদি পূরণ করার পরে যে ইউনিটে ভর্তি পরীক্ষা দিতে ইচ্ছুক তা নির্বাচন করে প্রয়োজনীয় ফি পরিশোধ করে আবেদন সম্পন্ন করতে পারবে। সংরক্ষিত আসনে ভর্তিছু প্রার্থীদেরকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ থেকে প্রমাণপত্র Online আবেদনের সাথে Upload করতে হবে।
- ৮.২ যদি কোন শিক্ষার্থী A ও B উভয় ইউনিটে পরীক্ষা দিতে চায় তবে তাকে দুটি ইউনিটে পৃথকভাবে দুটি আবেদন সম্পন্ন করতে হবে। কোন শিক্ষার্থী A ইউনিটের Group-2 (A2) তে আবেদন করলে আকির্কেচার (ARC) বিভাগসহ Group-1 (A1) এর সকল বিভাগে ভর্তির জন্য বিবেচিত হবে।
- ৮.৩ আবেদন করার জন্যে <https://admission.sust.edu.bd> সাইটে গিয়ে এইচ.এস.সি ও এস.এস.সি পরীক্ষার পাশের সন, বোর্ড, রোল নম্বর এবং মোবাইল নম্বর (নিজের বা অভিভাবকের) ও অন্যান্য প্রয়োজনীয় তথ্য দিয়ে Sign Up (রেজিস্ট্রেশন) করলে প্রদত্ত মোবাইল নম্বরে User ID ও Password পাঠানো হবে। অতঃপর প্রদত্ত User ID ও Password দিয়ে উল্লিখিত সাইটে Sign In করে ৩০০x৪০০ পিক্সেলের অনূর্ধ্ব ১০০ KB এর আবেদনকারীর ছবি, আবেদনকারীর ইমেইল, ভর্তি-পরীক্ষার কেন্দ্র ও প্রশ্নের মাধ্যম (বাংলা/English), আবেদন-ইচ্ছুক ইউনিট ও সংরক্ষিত আসন (Societies Merit Allocation) সংক্রান্ত তথ্য দিয়ে আবেদন করতে হবে। আবেদন সম্পন্ন হলে প্রার্থীকে প্রদেয় টাকার পরিমাণ জানিয়ে দেওয়া হবে। ভর্তি ফি পেমেন্ট সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য এবং পরীক্ষার ফি পরিশোধের ধাপগুলো <https://admission.sust.edu.bd> সাইটের মাধ্যমে আবেদনকারীর সময়ে দৃশ্যমান হবে।
- পেমেন্ট সম্পন্ন হলে অনূর্ধ্ব ২৪ ঘণ্টার মধ্যে প্রার্থী-প্রদত্ত ইমেইলে Payment Confirmation এবং মোবাইল নম্বরে ভর্তি পরীক্ষার রোল নম্বর জানিয়ে দেয়া হবে। প্রার্থীগণ User ID ও Password ব্যবহার করে <https://admission.sust.edu.bd> তে Sign In করেও তার ভর্তি পরীক্ষার রোল নম্বর সহ অন্যান্য তথ্যাদি দেখতে পারবে।
- শিক্ষার্থী শুধুমাত্র একটি ইউনিটে (A বা B) আবেদন করে থাকলে User ID ও Password ব্যবহার করে অন্য ইউনিটেও আবেদন করে ভর্তি ফি পেমেন্ট সম্পন্ন করতে পারবে।
- ৮.৪ সংরক্ষিত আসনে আবেদনে ইচ্ছুক শিক্ষার্থীদের অনলাইন পোর্টালে আবেদন করার সময় ছবি আপলোড করার সাথে সাথে সংরক্ষিত আসনের অপশনটি নির্বাচন করে দিতে হবে এবং আবেদনকারীগণ সংরক্ষিত আসনের একটিমাত্র অপশন ব্যবহার করতে পারবেন।
- ৮.৫ একবার আবেদন সম্পন্ন হয়ে গেলে ছবি এবং একাডেমিক সংশ্লিষ্ট কোন প্রকার তথ্য পরিবর্তন করা যাবে না।
- ৮.৬ **প্রবেশপত্র প্রিন্ট**
<https://admission.sust.edu.bd> সাইটে Sign In করে প্রত্যেক ইউনিটের জন্য ছাত্র-ছাত্রীদেরকে ২ (দুই) কপি প্রবেশপত্র সাদা A4 সাইজ অফসেট কাগজে রঙিন প্রিন্ট নিতে হবে। ভর্তি পরীক্ষার দিনে আবেদনকারীগণকে প্রত্যেক ইউনিটের জন্য ০২ (দুই) কপি প্রবেশপত্র অবশ্যই সঙ্গে নিয়ে আসতে হবে। ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার নির্ধারিত তারিখের ৭২ ঘণ্টা পূর্ব থেকে শিক্ষার্থীরা ভর্তি পরীক্ষার ওয়েবসাইট <https://admission.sust.edu.bd> এর মাধ্যমে প্রবেশপত্র সংগ্রহ করতে পারবে।
- ৮.৭ ভর্তি পরীক্ষা সংক্রান্ত কোন বিষয়ে প্রশ্ন থাকলে বা তথ্য জানার প্রয়োজন হলে ০১৫৫৫৫৫৫০০২-৪ হটলাইনে (সকাল ১০ টা থেকে সন্ধ্যা ৬ টা পর্যন্ত) অথবা <https://admission.sust.edu.bd> সাইটের Helpdesk অথবা ইমেইল query-admission@sust.edu এর মাধ্যমে যোগাযোগ করা যাবে।

৯. আসন বিন্যাস

ভর্তি পরীক্ষার আসন বিন্যাস ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার নির্ধারিত তারিখের ৭২ ঘণ্টা পূর্বে বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার ওয়েবসাইটে (<https://admission.sust.edu.bd>) প্রকাশ করা হবে।

১০. প্রার্থী বাছাই ও ভর্তি প্রক্রিয়া

- ১০.১ ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বর (৮০ এর মধ্যে), ২০২৫ সালের HSC/সমমান পরীক্ষার্থীর ক্ষেত্রে HSC এবং SSC তে প্রাপ্ত GPA এর যোগফল কে ২ দ্বারা এবং ২০২৪ সালের HSC/সমমান পরীক্ষার্থীর ক্ষেত্রে ১.৬ দ্বারা গুন করে সর্বমোট ১০০ নম্বরের মধ্যে একজন প্রার্থীর প্রাপ্ত নম্বরের উপর ভিত্তি করে মেধা তালিকা প্রণয়ন করা হবে। উক্ত মেধা তালিকায় একাধিক শিক্ষার্থীর স্কোর একই হলে নিম্নে বর্ণিত মানদণ্ড অনুসারে ভর্তি পরীক্ষার চূড়ান্ত মেধা তালিকা প্রণয়ন করা হবে।

ইউনিট A (Group-1 (A1) & Group-2 (A2))

- | | | | |
|------------------|------------------|------------------|------------------|
| 1. MCQ Score | 2. MCQ PHY Score | 3. MCQ CHE Score | 4. MCQ MAT Score |
| 5. MCQ BIO Score | 6. MCQ ENG Score | 7. HSC GPA | 8. HSC PHY |
| 9. HSC CHE | 10. HSC MAT | 11. HSC BIO | |

ইউনিট A (GCE & Others)

- | | | | |
|----------------------------|------------------|----------------------------|----------------------------|
| 1. MCQ Score | 2. MCQ PHY Score | 3. MCQ CHE Score | 4. A Level/ Equivalent GPA |
| 5. A Level/ Equivalent PHY | | 6. A Level/ Equivalent CHE | |



ইউনিট B (বিজ্ঞান)

- | | | | |
|------------------|------------------|------------------|------------------|
| 1. MCQ Score | 2. MCQ PHY Score | 3. MCQ CHE Score | 4. MCQ ENG Score |
| 5. MCQ MAT Score | 6. MCQ BIO Score | | |

ইউনিট B (GCE & Others)

- | | | |
|--------------|------------------|------------------|
| 1. MCQ Score | 2. MCQ BNG Score | 3. MCQ ENG Score |
|--------------|------------------|------------------|

ইউনিট B (মানবিক)

- | | | |
|------------------|--------------------------|------------------|
| 1. MCQ Score | 2. MCQ মানবিক শাখা Score | 3. MCQ ICT Score |
| 4. MCQ MAT Score | 5. MCQ ENG Score | |

ইউনিট B (বাণিজ্য)

- | | | |
|------------------|---------------------------|------------------|
| 1. MCQ Score | 2. MCQ বাণিজ্য শাখা Score | 3. MCQ ICT Score |
| 4. MCQ MAT Score | 5. MCQ ENG Score | |

- ১০.২ ভর্তি পরীক্ষার ফলাফল ও ভর্তি সংক্রান্ত অন্যান্য তথ্য যথাসময়ে বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ড এবং ওয়েবসাইটে (<https://admission.sust.edu.bd>) প্রকাশ করা হবে।
- ১০.৩ একজন পরীক্ষার্থী মেধাতালিকা, বিষয়গত যোগ্যতা এবং পছন্দের ভিত্তিতে আসন থাকা সাপেক্ষে শুধু একটি বিভাগে ভর্তির সুযোগ পাবে।
- ১০.৪ ভর্তির সময় সদ্য তোলা ৪ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি, এস.এস.সি. বা সমমান ও এইচ.এস.সি. বা সমমান পরীক্ষার মূল মার্কশিট, প্রশংসাপত্র ও ভর্তির জন্য প্রয়োজনীয় টাকা সঙ্গে আনতে হবে। প্রতিটি সনদপত্র ও মার্কশিটের ২টি ফটোকপি অবশ্যই সঙ্গে আনতে হবে এবং ভর্তি শেষে এইচ.এস.সি./সমমান পরীক্ষার মূল মার্কশিটটি জমা রাখা হবে। সংরক্ষিত আসনে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক সরবরাহকৃত মূল সনদপত্র সঙ্গে আনতে হবে।

১১. সংরক্ষিত আসনে ভর্তি ইচ্ছুক প্রার্থীদের জন্য জ্ঞাতব্য বিষয়াদি

- ১১.১ প্রতি বিভাগে সংরক্ষিত আসন প্রতি সর্বোচ্চ ১ জন শিক্ষার্থী ভর্তি করা হবে।
- ১১.২ সংরক্ষিত আসনে ভর্তি ইচ্ছুক প্রার্থীরা যে সকল সনদ/প্রত্যয়ন পত্র দাখিল করবে, সেগুলো অবশ্যই সংশ্লিষ্ট অফিসিয়াল প্যাডে হতে হবে।
- ১১.৩ সংরক্ষিত আসনে ভর্তি ইচ্ছুক প্রার্থীদের প্রদত্ত সনদ/প্রত্যয়ন পত্রসমূহ এবং প্রযোজ্য ক্ষেত্রে প্রার্থীদের শারীরিক অবস্থা/দক্ষতা যাচাই করার জন্য একটি স্বতন্ত্র উপ-কমিটি থাকবে যার সুপারিশের ভিত্তিতে শিক্ষার্থী ভর্তি করা হবে।
- ১১.৪ DMA (শারীরিক/বাক-শ্রবণ/দৃষ্টি প্রতিবন্ধী) সংরক্ষিত আসনে প্রতিবন্ধীদের ধরন, মাত্রা ও বিভাগসমূহের সুযোগ-সুবিধা বিবেচনা করে শিক্ষার্থী ভর্তি করা হবে। EMA (ক্ষুদ্র-নৃ-গোষ্ঠী/জাতিসত্তা বা হরিজন-দলিত) সংরক্ষিত আসনে স্ব স্ব জাতিগোষ্ঠী থেকে মেধার ভিত্তিতে কমপক্ষে ১ (এক) জন করে শিক্ষার্থী ভর্তি করা হবে। এই দুই ধরনের সংরক্ষিত আসনের ক্ষেত্রে ভর্তির সময় সমাজ-কল্যাণ মন্ত্রণালয়, সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক/ উপজেলা নির্বাহী অফিসার অথবা সংশ্লিষ্ট উপজেলা সমাজ কল্যাণ অফিসার কর্তৃক প্রদত্ত সনদ/প্রত্যয়ন পত্র আনতে হবে। অন্য কোনো কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রত্যয়ন পত্র গ্রহণযোগ্য হবে না।
- ১১.৫ SPMA (খেলোয়াড়দের) সংরক্ষিত আসনে আবেদনের জন্য প্রার্থীকে বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান অর্থাৎ বিকেএসপি থেকে HSC বা সমমান পরীক্ষায় পাশ করতে হবে অথবা বাংলাদেশ জাতীয় দলের বর্তমান খেলোয়াড় হতে হবে অথবা বিগত তিন বছরের মধ্যে জাতীয় অনূর্ধ্ব ১৬/১৭/২০ দলের সদস্য হয়ে অংশগ্রহণের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে অথবা বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতায় বাংলাদেশ জাতীয় র‍্যাঙ্কিং অনুযায়ী ১ থেকে ২০ এর মধ্যে র‍্যাঙ্কিং ধারী খেলোয়াড় হতে হবে। আবেদনকারীকে যোগ্যতার প্রমাণপত্র হিসেবে সংশ্লিষ্ট ক্রীড়া ফেডারেশন/প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষরকৃত সনদ/প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।
- ১১.৬ SCMA জন্য সংরক্ষিত আসনের ক্ষেত্রে স্থায়ী পদে বা স্থায়ী পদের বিপরীতে বিশ্ববিদ্যালয়ে চাকুরীর শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের স্বামী/স্ত্রী অথবা সন্তান ভর্তির সুযোগ পাবে। অবসরপ্রাপ্ত অভিভাবকের ক্ষেত্রে অবসর গ্রহণের পরবর্তী ৫(পাঁচ) বছর পর্যন্ত এবং চাকুরীর অবস্থায় মৃতদের ক্ষেত্রেও অভিভাবকের অবসর গ্রহণের বয়সকালের পরবর্তী ৫(পাঁচ) বছর পর্যন্ত এ ধরনের সংরক্ষিত আসনে ভর্তির সুযোগ পাবে।
- ১১.৭ TMA (চা-শ্রমিক) সংরক্ষিত আসনের ক্ষেত্রে চা-শ্রমিক বা তাদের স্বামী/স্ত্রী অথবা সন্তান আবেদন করতে পারবে। তবে ভর্তির সময় অবশ্যই চা বাগানের ম্যানেজার থেকে প্রাপ্ত সনদ/প্রত্যয়ন পত্র এবং ছয় মাসের বেতন বিবরণী দাখিল করতে হবে।

১২. সতর্কীকরণ

ভর্তির আবেদনে প্রদত্ত কোন তথ্য মিথ্যা, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে আবেদনটি সরাসরি বাতিল হয়ে যাবে। ভর্তির পরে আবেদনপত্রে কোন ভুল/মিথ্যা ধরা পড়লেও ভর্তিকৃত ছাত্র-ছাত্রীর ভর্তি বাতিল হবে ও মিথ্যা তথ্য প্রদানের বিষয় প্রমাণিত হলে সংশ্লিষ্ট পরীক্ষার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে। ভর্তির সময় কোনো শিক্ষার্থী ডোপ টেস্টে মাদকাসক্ত প্রমাণিত হলে তাকে ভর্তির সুযোগ প্রদান করা হবে না।

১৩. যোগাযোগ

শাবিপ্রবি-তে ভর্তি সংক্রান্ত বিষয়ে কোনো প্রশ্ন থাকলে ০১৫৫৫৫৫৫০০২-৪ হটলাইনে (সকাল ১০.০০ টা থেকে বিকাল ৬.০০ টা পর্যন্ত) অথবা <https://admission.sust.edu.bd> সাইটের Helpdesk অথবা ইমেইল query-admission@sust.edu এর মাধ্যমে যোগাযোগ করা যাবে।

১৪. ভর্তি সংক্রান্ত যে কোন বিষয়ে ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।